

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমবায় অধিদপ্তর  
সমবায় ভবন, এফ-১০, সিডিক সেক্টর  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.coop.gov.bd](http://www.coop.gov.bd)


নং-৪৭.৬১.০০০০.০৬৫.১৮.০০১.১৬.৪০৩

তারিখ: ১৪পৌষ, ১৪২৩ বঃ।  
২৮ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ।

সাকুলার

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ব)(এ)(৩) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(২০)(এ)(৩) ধারার বিধান মোতাবেক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০১৩) এর আওতায় পরিচালিত সকল সমবায় সমিতিকে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ প্রেক্ষিতে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ ও ২০১৩ সালের সংশোধনীসহ) এর উদ্দেশ্য পূরণকল্পে এবং উক্ত আইন ও উক্ত আইনের আওতায় জারীকৃত বিধিমালার সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালনের জন্য বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক বিএফআইইউ সাকুলার নং-১৭; তারিখ: ০৭/১০/২০১৫ খ্রি: মূলে সমবায় সমিতিসমূহের জন্য অনুসরণীয় নির্দেশাবলী জারী করা হয়েছে। উক্ত সাকুলারের নির্দেশনা অনুযায়ী সমবায় সমিতির সংগে আর্থিক লেনদেনকারী সকল গ্রাহক/সদস্যের পরিচিতি যাচাইকরণ ও সনাক্তকরণসহ হিসাবের লেনদেন মনিটরিং করার বাধ্যবাধকতা রয়েছে। ফলে প্রতিটি সমবায় সমিতিকে তার গ্রাহক/সদস্য/পাওনাদারের সংগে ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন নিশ্চিত করার জন্য প্রতিটি সমবায় সমিতির নিজ নামে তফসিলী ব্যাংকে চলতি/সঞ্চয়ী হিসাব থাকা আবশ্যিক।

এমতাবস্থায়, দৈনন্দিন আর্থিক লেনদেন পরিচালনার জন্য যে সকল সমবায় সমিতির অদ্যাবধি কোন ব্যাংক হিসাব নেই তাদের অবিলম্বে তফসিলী ব্যাংক বা বাংলাদেশ সমবায় ব্যাংকে চলতি বা সঞ্চয়ী হিসাব খোলার জন্য নির্দেশ প্রদান করা হ'ল। উল্লেখ্য যে, নিবন্ধনের প্রক্রিয়াধীন কোন সমবায় সমিতিকে নিবন্ধন পরবর্তী এক মাসের মধ্যে ব্যাংক হিসাব খোলা নিশ্চিত করতে হবে।



(মোঃ মফিজুল ইসলাম)

নিবন্ধক ও মহাপরিচালক

ফোন: ৯১৪১১৩১

E-mail: [coop\\_bangladesh@yahoo.com](mailto:coop_bangladesh@yahoo.com)

বিতরণ :

১। ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান/সম্পাদক/ব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপক  
বাংলাদেশে কার্যরত সকল সমবায় সমিতি

.....